



বাংলাদেশের
প্ৰথম
Banglad



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং:- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫৫/২০১৮/১৪০২

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

নোয়াদিয়া খৈশাখালী দারুল উলুম ফাজিল মাদরাসা, ডাকঘর: নোয়াদিয়া, উপজেলা: শিবপুর, জেলা: নরসিংদী এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৬.০৮.২০২১ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীর কারণে উদ্ভূত পরিস্থিতিতে সরজমিনে পরিদর্শন করা সম্ভব না হওয়ায় অধিভুক্তি কমিটির ৭ম সভার সুপারিশের আলোকে আবেদনের তথ্য-উপাত্তের ভিত্তিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০৫.০৯.২০২১ খ্রি. থেকে ০৪.০৯.২০২৩ খ্রি. পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. শূন্যপদ সমূহে অনতিবিলম্বে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করত: গাইড বই শ্রেণিকক্ষে আনয়ন নিষিদ্ধ করতে হবে।
৩. সকল শ্রেণি বিশেষ করে ফাজিল শ্রেণির শিক্ষার্থী সংখ্যা অবশ্যই বৃদ্ধি করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৫. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নারকে যুগোপযোগী করে সাজাতে হবে।
৬. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে।
৭. ফাইল নোটের মাধ্যমে ব্যাংক লেনদেন করতে হবে।
৮. কলমনার ক্যাশবই যথাযথভাবে পূরণ করত: আয়-ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।
৯. মাদরাসা ক্যাম্পাসকে পরিষ্কার পরিচ্ছন্ন ও ফুলগাছ লাগিয়ে দৃষ্টিনন্দন করতে হবে।
১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

(Signature) 19.09.2021

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

নোয়াদিয়া খৈশাখালী দারুল উলুম ফাজিল মাদরাসা

ডাকঘর: নোয়াদিয়া, উপজেলা: শিবপুর, জেলা: নরসিংদী

স্মারক নং:- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৫৫/২০১৮/১৪০২

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নোয়াদিয়া খৈশাখালী দারুল উলুম ফাজিল মাদরাসা, শিবপুর, নরসিংদী।
৭. অফিস নথি।

(Signature)
19.09.2021

(মুহাম্মদ আখলাকুল আশ্বিয়া)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৬১৫ ৬২২১৫১